পরিশিষ্ট - ১

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা) ১, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

## গণ-বিজ্ঞপ্তি

নং ঃ বিইআরসি/ট্যারিফ/বিএসটি-০৫/বিউবো/২০১২/২৪৩৭ তারিখ ঃ ২০ সেপ্টেম্বর, ২০১২

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) ও ৩৪ এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো) কর্তৃক বিভিন্ন বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানী/পল্লী বিদ্যুতায়ন বোর্ড-পবিবো (তার আওতাধীন পল্লী বিদ্যুৎ সমিতি-পবিসসমূহ) কে সরবরাহকৃত পাইকারি (বাল্ক) বিদ্যুৎ বিক্রয় মূল্যহার ০১ সেপ্টেম্বর, ২০১২ থেকে বিদ্যুৎ ব্যবহারের ক্ষেত্রে কার্যকর করে নিম্নোক্তভাবে পুনঃনির্ধারণ করছে ঃ

| ক্রমিক নং | গ্রাহকশ্রেণী | সংস্থাসমূহ | অনুমোদিত পাইকারি (বাল্ক) বিদ্যুৎ বিক্রয় মূল্যহার টাকা/কি.ও.ঘ. |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| (১) | শ্রেণী : জি-১ | ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (ডিপিডিসি)<br>(ক) ১৩২ কেভি<br>(খ) ৩৩ কেভি | <br><br>৫.৩২৫০<br>৫.৪০৫০ |
| (২) | শ্রেণী : আই-১ | পল্লী বিদ্যুতায়ন বোর্ড (পবিবো)/পল্লী বিদ্যুৎ সমিতি (পবিস)<br>(ক) ১৩২ কেভি<br>(খ) ৩৩ কেভি | <br><br>৫.৩২৫০<br>৪.০৩২৫* |
| (৩) | শ্রেণী : আই-২ | ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড (ডেসকো)<br>(ক) ১৩২ কেভি<br>(খ) ৩৩ কেভি | <br>৫.৩২৫০<br>৫.৪০৫০ |
| (৪) | শ্রেণী : আই-৩ | ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (ওজোপাডিকো)<br>(ক) ১৩২ কেভি<br>(খ) ৩৩ কেভি | <br><br>৫.৩২৫০<br>৪.৪৩০০ |

| ক্রমিক নং | গ্রাহকশ্রেণী | সংস্থাসমূহ | অনুমোদিত পাইকারি (বাল্ক) বিদ্যুৎ বিক্রয় মূল্যহার টাকা/কি.ও.ঘ. |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| (৫) | শ্রেণী : আই-৪ | **বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো) এর বিতরণ অঞ্চলসমূহ**<br>(ক) ১৩২ কেভি<br>(খ) ৩৩ কেভি | <br>৫.৩২৫০<br>৪.৯৭৭৫ |
| (৬) | শ্রেণী : আই-৫ | **নর্থ ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড**<br>(ক) ১৩২ কেভি<br>(খ) ৩৩ কেভি | <br>৫.৩২৫০<br>৪.৯৭৭৫ |
| (৭) | শ্রেণী : আই-৬ | **ভবিষ্যৎ সৃষ্ট বিদ্যুৎ বিতরণ কোম্পানী**<br>(ক) ১৩২ কেভি<br>(খ) ৩৩ কেভি | <br>৫.৩২৫০<br>৪.৯৭৭৫ |

* গ্রামীণ জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থা বিবেচনা করে রেয়াতী মূল্যহার স্থির করা হয়েছে। বিউবো সকল পবিস-কে ধার্যকৃত এই পাইকারি (বাল্ক) মূল্যহারে বিল করবে। রেয়াতী সুবিধার বন্টন এর লক্ষ্যে পবিসসমূহের আর্থিক, ভৌগলিক ও অন্যান্য প্রেক্ষিত বিবেচনা করে পবিবো বিভিন্ন পবিস এর পাইকারি (বাল্ক) মূল্যহার প্রস্তাবনা কমিশনের অনুমোদনের নিমিত্তে পেশ করবে। তবে স্বচ্ছল পবিস এর মূল্যহার ডিপিডিসি/ডেসকো এর জন্য স্থিরীকৃত ৩৩ কেভি স্তরের মূল্যহারের বেশী হবে না।

২। অনুমোদিত উক্ত পাইকারি (বাল্ক) বিদ্যুৎ বিক্রয় মূল্যহার ০১ সেপ্টেম্বর, ২০১২ থেকে বিদ্যুৎ ব্যবহারের ক্ষেত্রে কার্যকর হবে।

৩। পাওয়ার গ্রিড কোম্পানী অব বাংলাদেশ লিমিটেড (পিজিসিবি) কে প্রদেয় বর্তমান হুইলিং চার্জ অপরিবর্তিত থাকবে।

৪। পাইকারি (বাল্ক) বিদ্যুৎ সরবরাহের ক্ষেত্রে প্রযোজ্য অন্যান্য বিদ্যমান শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

৫। পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত এ আদেশ বলবৎ থাকবে।

(প্রকৌশলী মোঃ দেলোয়ার হোসেন)
সদস্য

(প্রকৌশলী মোঃ ইমদাদুল হক)
সদস্য

(ড. সেলিম মাহমুদ)
সদস্য

(সৈয়দ ইউসুফ হোসেন)
চেয়ারম্যান